দামুড়হুদা হাউলী ইউনিয়নে সরকারি শীতবস্ত্র বিতরণ

দামুড়হুদা উপজেলার হাউলী ইউনিয়নে প্রধান উপদেষ্টার ত্রাণ তহবিল হতে ১৭১ জন শীতার্তদের মাঝে শীতবস্ত্র কম্বল বিতরণ করা হয়েছে।

আজ বৃহস্পতিবার (১৯ ডিসেম্বর) সকাল সাড়ে ১০ টার সময় হাউলী ইউনিয়ন পরিষদের আয়োজনে পরিষদ চত্বরে আনুষ্ঠানিক ভাবে বৃদ্ধ পুরুষ-মহিলা ও প্রতিবন্ধীদের মাঝে এসব শীতবস্ত্র কম্বল বিতরণ করা হয়।

হাউলী ইউনিয়ন পরিষদের ভারপ্রাপ্ত চেয়ারম্যান নিজাম উদ্দিন এর সভাপতিত্বে কম্বল বিতরণ অনুষ্ঠানে উপস্থিত ছিলেন, হাউলী ইউনিয়ন বিএনপির সভাপতি ইউসুফ আলী, উপজেলা স্বেচ্ছাসেবক দলের যুগ্ম আহবায়ক রকিবুল হাসান তোতা, হাউলী ইউনিয়ন প্রশাসনিক কর্মকর্তা মনিরুজ্জামান, ট্যাগ অফিসার আতিকুর রহমান, ২নং ওয়ার্ড বিএনপির সভাপতি শফিউর রহমান, ৩নং ওয়ার্ড বিএনপির সাধারণ সম্পাদক আব্দুর রাজ্জাক, ৫নং ওয়ার্ড বিএনপির সাধারণ সম্পাদক শহিদুল ইসলাম, ইউপি সদস্য জাহাঙ্গীর আলম টিক্কা, রিকাত আলী, সেলিম সহ স্থানীয় গণ্যমান্য ব্যক্তিবর্গ ইউপি সদস্য বৃন্দ উপস্থিত ছিলেন।

৭০ বছর বয়সী সাহাজান আলী গায়ে কম্বল জড়িয়ে তার অনুভূতি প্রকাশ করে বলেন, এই শীতে হাউলী ইউনিয়ন পরিষদ থেকে একটি কম্বল পেয়েছি, আমার খুবই উপকার হলো। শীতে নতুন কাপড় কেনার মতো সামর্থ্য আমার নেই। সরকারি এই কম্বল টা এবার শীতে আমার কাছে একমাত্র সম্বল।

কম্বল বিতরণ কালে হাউলী ইউনিয়ন বিএনপির সভাপতি ইউসুফ আলী বলেন, গেলো এক সপ্তাহে চুয়াডাঙ্গা জেলায় সত্যপ্রবাহ চলছে, সর্বনিম্ন তাপমাত্রা হয়েছে বেশ কয়েকবার। এটা শীত প্রবন এলাকা, এই প্রথম শীতকালে সঠিক সময়ে শীতবস্ত্র বিতরণ হয়েছে। তবে ইউনিয়নে মানুষের তুলনায় কম্বল যা বরাদ্দ এসেছে তা প্রয়োজনের তুলনায় একেবারেই কম ও অপ্রতুল।

হাউলী ইউনিয়নে মোট ১৭১ জন গরীব অসহায় মানুষের মাঝে প্রধান উপদেষ্টার দেওয়া শীতবস্ত্র কম্বল সুন্দর ভাবে বিতরণ করা হয়েছে।

চুয়াডাঙ্গা পুলিশ সুপারের উদ্যোগে দামুড়হুদায় শীতার্তদের মাঝে কম্বল বিতরণ

প্রচন্ড শীতের রাতে দামুড়হুদার আসহায় দরিদ্রদের মাঝে শীতার্তদের কম্বল বিতরণ করলেন চুয়াডাঙ্গা জেলা পুলিশ সুপার গোলাম মওলা। এ সময় সাথে ছিলেন সহকারী পুলিশ সুপার দামুড়হুদা সার্কেল জাকিয়া সুলতানা, দামুড়হুদা মডেল থানার অফিসার ইনচার্জ ওসি হুমায়ুন কবির।

আজ বুধবার রাত ৯ টার দিকে কার্পাসডাঙ্গা পুলিশ ফাঁড়িতে বৃদ্ধ নারী পুরুষের মাঝে এ কম্বল বিতরন করা হয়।

চুয়াডাঙ্গা জেলা পুলিশ সুপার গোলাম মওলা বলেন, এই পচন্ড শীতের মাঝে দরিদ্র মানুষের পাশে দাঁড়ানো সকল পেশার মানুষের প্রয়োজন। সে আলোকে অল্প পরিশরে কিছু মানুষের মাঝে কম্বল বিতরণ করতে পেরে নিজের কাছে ভালো লাগছে। সুযোগ পেলে পরবর্তীতে আরো কম্বল দেওয়া হবে। সে সাথে এলাকার মাদক চোরাকারবারিদের আইনের আওতায় আনতে হবে। মাদক ব্যবসায়ীদের ধরতে স্থানীয় এলাকাবাসীর সহযোগিতা কামনা করছি।

এ সময় আরো উপস্থিত ছিলেন থানা বিএনপির ৪নং যুগ্ম-সাধারণ সম্পাদক এ্যডভোকেট আব্দুল্লাহ আল মামুন এরশাদ, কার্পাসডাঙ্গা ইউনিয়ন বিএনপির সাংগঠনিক সম্পাদক জাহাঙ্গীর আলম টুটুল, কার্পাসডাঙ্গা ইউনিয়নের ১নং ওয়ার্ড বিএনপির সভাপতি মিজানুর রহমান, দামুড়হুদা উপজেলা ছাত্রদলের সদস্য সচিব সুলতান, থানা সেচ্ছাসেবকদলের সিনিয়র আহবায়ক আব্দুল কাদের, ইউনিয়ন সেচ্ছাসেবক দলের সাংগঠনিক সম্পাদক খাইরুল ইসলাম, থানা যুবদলের সদস্য দেলোয়ার হোসেন, হুমায়ন কবির প্রমুখ।

দামুড়হুদায় ষষ্ঠ শ্রেণীর ভর্তি পরীক্ষার লটারী অনুষ্ঠিত

দামুড়হুদায় ষষ্ঠ শ্রেণীর ভর্তি পরীক্ষার লটারী অনুষ্ঠিত হয়েছে। আজ বুধবার সকাল সাড়ে ১১ টার দিকে দামুড়হুদা পাইলট গার্লস স্কুল এন্ড কলেজের আয়োজনে ১শত ৬৫ আসনের বিপরীতে উপজেলা অডিটোরিয়াম হলে দামুড়হুদা পাইলট গার্লস স্কুল এন্ড কলেজ ও ভর্তি পরীক্ষার লটারী বাছাই কমিটির সভাপতি মমতাজ মহলের সভাপতিত্বে এই লটারী অনুষ্ঠিত হয়।

দামুড়হুদা পাইলট গার্লস স্কুল এ্যান্ড কলেজের ষষ্ঠ শ্রেণীর ক, খ এবং গ শাখা মিলে প্রতি শাখায় ৫৫ জন করে মোট আসন সংখ্যা ১শত ৬৫। ভর্তির জন্য আবেদন পড়েছে ১শত ৯৯ জন।এদের মধ্যে থেকে লটারীর মাধ্যমে ১শত ৬৫ জন ছাত্রীকে লটারীর মাধ্যমে বাছাই করা হয়। বাকি ৩৪ জন জন ছাত্রীকে অপেক্ষমান তালিকায় রাখা হয়।

এ সময় উপস্থিত ছিলেন লটারী বাছাই কমিটির সদস্য সচিব উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার এস এম বজলুর রশিদ, সদস্য উপজেলা শিক্ষা কর্মকর্তা আবু হাসান, সদস্য মুক্তারপুর মাধ্যমিক বালিকা বিদ্যালয়ের প্রধান শিক্ষক বখতিয়ার উদ্দিন আরও উপস্থিত ছিলেন মাধ্যমিক একাডেমিক সুপারভাইজার রাফিজুল ইসলাম, দামুড়হুদা পাইলট গার্লস স্কুল এন্ড কলেজের প্রধান শিক্ষিকা ফাহমিদা রহমান, দামুড়হুদা প্রেসক্লাব সাংবাদিক সমিতির সভাপতি হাফিজুর রহমান কাজল, সহকারি শিক্ষক মিরাজুল ইসলাম, আব্দুর রাজ্জাক, এমদাদুল হক, বিপুল কুমার, আবু বক্কর সিদ্দিকসহ ভর্তি ইচ্ছুক আবেদনকারী ছাত্রীদের অভিভাবকবৃন্দ।

দামুড়হুদায় জাতীয় প্রবাসী ও

আন্তর্জাতিক অভিবাসী দিবস পালন

দামুড়হুদায় জাতীয় প্রবাসী ও আন্তর্জাতিক অভিবাসী দিবস উপলক্ষে র্যালী ও আলোচনা সভা অনুষ্ঠিত হয়েছে।

“প্রবাসীদের অধিকার আমাদের অঙ্গিকার, বৈষম্যহীন বাংলাদেশ আমাদের সবার এই স্লোগানকে সামনে রেখে” আজ বুধবার সকাল সাড়ে ১০ টায় দামুড়হুদা উপজেলা প্রশাসনের আয়োজনে প্রথমে উপজেলা চত্বর থেকে র্যালী বের হয়। র্যালী শেষে পরবর্তীতে পরিষদের সভাকক্ষে আলোচনা সভা অনুষ্ঠিত হয়।

অনুষ্ঠানে সভাপতিত্ব করেন দামুড়হুদা উপজেলা নির্বাহী কর্মকর্তা মোছাঃ মমতাজ মহল। সভাপতির বক্তব্যে ইউএনও মমতাজ মহল বলেন, জাতীয় প্রবাসী ও আন্তর্জাতিক অভিবাসী দিবস গুরুত্বপূর্ণ একটি দিন। আমাদের প্রবাসী ভাইদের কথা স্বরণ করার দিন। বাংলাদেশের ১৬ কোটি ৫০ লক্ষ জনসংখ্যার মধ্যে থেকে প্রায় ১ কোটি মানুষ প্রবাসে থাকে যাদের অক্লান্ত পরিশ্রমের ফসল তারা যে টাকা বা রেমিট্যান্স পাঠায় যা দিয়ে তাদের পরিবারের সচ্ছলতা ও দেশের সামষ্টিক অর্থনীতির চাকা সচল থাকে। তাদের এই অবদান দেশের অর্থনীতিতে অনস্বীকার্য। সুতরাং দেশে বা বিদেশে আমাদের কোন প্রবাসী ভাই যেন কোন প্রকার হেনেস্থার স্বীকার না হয় সেদিকে সকলের খেয়াল রাখতে হবে।

এসময় উপস্থিত ছিলেন, উপজেলা সমাজ সেবা কর্মকর্তা তোফাজ্জল হোসেন, উপজেলা প্রকৌশলী কর্মকর্তা আব্দুর রশিদ, সমবায় কর্মকর্তা হারুন অর রশীদ, মহিলা বিষয়ক কর্মকর্তা হোসনে জাহান, যুব উন্নয়ন কর্মকর্তা জাহাঙ্গীর আলম, দামুড়হুদা প্রেসক্লাবের সাংবাদিক সমিতির সভাপতি হাফিজুর রহমান কাজল, দামুড়হুদা মডেল থানার প্রতিনিধি এস আই মাহাবুল, এনজিও ব্রাক প্রতিনিধি নিজাম উদ্দিন, এনজিও ওয়েভ ফাউন্ডেশন প্রতিনিধি মিরাজুল ইসলামসহ উপজেলার বিভিন্ন দপ্তরের কর্মকর্তা কর্মচারিবৃন্দরা।

দামুড়হুদায় মহান বিজয় দিবস উপলক্ষে বিএনপির বিজয় মিছিল অনুষ্ঠিত

দামুড়হুদায় মহান বিজয় দিবস উপলক্ষে বিএনপির বিজয় মিছিল অনুষ্ঠিত হয়েছে। আজ সোমবার সকাল ১১ টার সময় দামুড়হুদা উপজেলা বিএনপি সহ অঙ্গসংগঠন ও সহযোগী অঙ্গসংগঠনের আয়জনে এক বর্নাঢ্য বিজয় মিছিল অনুষ্ঠিত হয়।

এসময় বিএনপির বিজয় মিছিলে উপস্থিত ছিলেন দামুড়হুদা উপজেলা বিএনপির সভাপতি মনিরুজ্জামান মনির, সাধারণ সম্পাদক রফিকুল হাসান তনু, যুগ্ম সম্পাদক মন্টু মিয়া, সাংগঠনিক সম্পাদক প্রভাষক আবুল হাসেম, সদর বিএনপির সভাপতি আব্দুর রহিম, সাধারণ সম্পাদক আনছার আলী, দামুড়হুদা উপজেলা স্বেচ্ছাসেবক দলের আহবায়ক একরামুল হক, সদস্য সচিব জাকির হোসেন, যুগ্ম আহবায়ক রকিবুল হাসান তোতা, উপজেলা যুবদলের আহবায়ক মাহবুবুর রহমান বাচ্চু, সদস্য সচিব মাহফুজুর রহমান মিল্টন, যুগ্ম আহবায়ক আরিফুল ইসলাম আরিফ, জনি, উপজেলা ছাত্র দলের আহবায়ক আফজালুর রহমান সবুজ, সিনিয়র যুগ্ন আহবায়ক ইনজামামুল হক সহ উপজেলার বিভিন্ন ইউনিয়ন থেকে আগত বিএনপি ও তার সহযোগী অঙ্গ সংগঠনের অসহযোগ অঙ্গ সংগঠনের অসংখ্য নেতা কর্মী বৃন্দ উপস্থিত ছিলেন।

দামুড়হুদা উজিরপুর যুবসমাজের আয়োজনে বিজয় দিবস পালন

দামুড়হুদা উজিরপুর মহান বিজয় দিবস উপলক্ষে যুবসমাজের আয়োজনে দিন ব্যাপী খেলাধুলা, পুরস্কার বিতরণ ও আলোচনা সভা অনুষ্ঠিত হয়েছে।

আজ সোমবার সকাল ৯ টার সময় উজিরপুর আচমকা স্টেডিয়াম মাঠে প্রথমে সকল শহীদের আত্মার মাগফেরাত কামনায় পুষ্পস্তবক অর্পণ করা হয়।

দামুড়হুদা সদর ইউনিয়নের ১নং ওয়ার্ড বিএনপির সভাপতি জামাল মোল্লার সভাপতিত্বে অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন দামুড়হুদা উপজেলা স্বেচ্ছাসেবক দলের আহবায়ক একরামুল হক। প্রধান অতিথির বক্তব্যে তিনি বলেন, আজ ১৬ই ডিসেম্বর মহান বিজয় দিবস। শহীদ প্রেসিডেন্ট জিয়াউর রহমান স্বাধীনতার ঘোষক। স্বাধীনতা ঘোষণার পর দীর্ঘ ৯ মাসের রক্তক্ষয়ী যুদ্ধের মাধ্যমে বাংলাদেশ লাল সবুজের পতাকা অর্জন করে। পৃথিবীর মানচিত্রে বাংলাদেশ তার স্থান করে নেই। আজ আমরা বাংলাদেশের স্বাধীন দেশের স্বাধীন নাগরিক। সকল শহীদদের জানায় বিনম্র শ্রদ্ধা।

এ সময় বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন দামুড়হুদা উপজেলা বিএনপির দপ্তর সম্পাদক ফয়জুল ইসলাম,উপজেলা বিএনপির সদস্য মো: মজিবার রহমান, সদর ইউনিয়ন বিএনপির সাংগঠনিক সম্পাদক গোলাম কবির, সদর ১ নং ওয়ার্ড বিএনপির সিনিয়র সহ-সভাপতি ফরজ আলী, সাধারণ সম্পাদক বদর উদ্দিন মাল, সদস্য রবিউল ইসলাম রবি, দামুড়হুদা সদর ১ নং ওয়ার্ড ইউপি সদস্য লিয়াকত আলী জোয়ার্দার।বিএনপি নেতা মো: হাইদার আলী, সোনালী ব্যাংকের সিনিয়র অফিসার মো: আব্দুল আলিম, বিএনপি নেতা আছের আলী, সাবেক থানা বিএনপির সদস্য আমির হোসেন, ওয়ার্ড বিএনপির নেতা সিরাজুল ইসলাম, বাবলু বিশ্বাস।

দামুড়হুদা উপজেলা ছাত্রদলের সিনিয়র যুগ্ম আহবায়ক ইনজামামুল হক এর সঞ্চালনায় এসময় আরও উপস্থিত ছিলেন, সদর ইউনিয়ন জামায়াতে ইসলামীর সাবেক সেক্রেটারি আজিজুল হক, বিশিষ্ট ব্যক্তিত্ব রোকনুজ্জামান, উপজেলা স্বেচ্ছাসেবক দলের যুগ্ম আহবায়ক মো: জাহিদুল ইসলাম, যুগ্ম আহবায়ক জাহিদুর রহমান, যুগ্ম আহবায়ক রকিবুল হাসান তোতা, উপজেলা যুবদল নেতা হেলাল উদ্দিন, শরিফুল ইসলাম, মো: রাকিবুল ইসলাম, উপজেলা ছাত্র দলের যুগ্ম আহবায়ক আব্দুর রহিম। উপজেলা ছাত্র দলের সদস্য মাহমুদউল্লাহ ফিরোজ, শরিফ উদ্দিন।

অনুষ্ঠানে মোট ২০ টি ইভেন্টে প্রায় ২০০ জন প্রতিযোগি অংশ গ্রহণ করে। শেষে বিজয়ী প্রতিযোগিদের মাঝে প্রধান অতিথি ও আমন্ত্রিত অতিথিদের হাত দিয়ে পুরস্কার বিতরণ করা হয়।

দামুড়হুদায় ন্যায় বিচারের দাবীতে সংবাদ সম্মেলন

দামুড়হুদায় ন্যায় বিচারের দাবীতে সংবাদ সম্মেলন করেছে সদর ইউনিয়নের পার দামুড়হুদা গ্রামের ফকির মোহাম্মদ । আজ বেলা সাড়ে ১২ টার দিকে দামুড়হুদা প্রেসক্লাবে এই সংবাদ সম্মেলন অনুষ্ঠিত হয়।

সংবাদ সম্মেলনে লিখিত বক্তব্য পাঠ করেন দামুড়হুদা সদর ইউনিয়নের পার দামুড়হুদা গ্রামের মৃত আব্দুল আলীমের ছেলে ভুক্তভোগী ফকির মোহাম্মদ। এসময় সংবাদ সম্মেলনে তিনি বলেন দামুড়হুদা উপজেলার কার্পাসডাঙ্গা ইউনিয়নের বাঘাডাঙ্গা গ্রামের শফিকুল ইসলামের ছেলে জাহিদুল (৩২) একজন দূর্বৃত্ত ও প্রতারক। সে আমার দীর্ঘ ৫ বছর যাবৎ কৃষি কাজে লেবার দেয়। সেই সুবাদে বিগত আনুমানিক ০৬ মাস পূর্বে গরু কিনবে বলে আমার নিকট থেকে ধারস্বরূপ ১৫,০০০/-(পনেরো হাজার) টাকা, ২য় ধাপে পানির পাম্প কিনবে বলে ১৪,০০০/-(চৌদ্দ হাজার) টাকা, ৩য় ধাপে আবারও ৪,০০০/-(চার হাজার) টাকা এবং ৪র্থ ধাপে আমার জমির আখ বিক্রয়ের ১৭,০০০/-(সতেরো হাজার) টাকাসহ মোট ৫০,০০০/-(পঞ্চাশ হাজার) টাকা ধারস্বরূপ গ্রহণ করে। উক্ত টাকা গ্রহণ করার পর আমার সাথে যোগাযোগ বন্ধ করে ও কৃষি কাজে লেবার দেওয়া বন্ধ করে দেয়। পরবর্তীতে আমি উক্ত দুর্বৃত্ত এর নিকট আমার পাওনাকৃত টাকা ফেরত চাইলে দুর্বৃত্ত বলে তাহার গরু বিক্রয় করে আমার পাওনাকৃত সমুদয় টাকা পরিশোধ করবে বলে অঙ্গিকার করে। কিন্তু উক্ত দুর্বৃত্ত আমার টাকা পরিশোধ না করে আজ কাল করে বিভিন্ন ধরণের তালবাহানা করতে থাকে ও ঘুরাইতে থাকে।

গত ১৩/১১/২০২৪ তারিখ রোজ শুক্রবার আমার টাকা দেওয়ার দিন থাকায় ঐ দিন সন্ধ্যা আনুমানিক ৭ টার সময় আমি দুর্বৃত্তের বাড়িতে গিয়ে আমার পাওনাকৃত টাকা চাইলে দুর্বৃত্ত হিসাব নিকাশে ভুল আছে বলে আমার সাথে তর্ক বিতর্ক শুরু করে দেয় এবং আমাকে অকথ্য ভাষায় গালি গালাজ করতে করতে আমার পরণে থাকা জ্যাকেটের কলার চেপে ধরে তার ভাইদের ডাকাডাকি করতে থাকে। তারপর দুর্বৃত্তের ভাইসহ আশে পাশের লোকজন লাঠি নিয়া দৌড়ে আসলে তখন আমি প্রাণে বাঁচার লক্ষ্যে তাকে ধাক্কা মেরে ঘটনাস্থল হতে পালিয়ে যায়। পরবর্তীতে উক্ত দুর্বৃত্ত আমার টাকা পরিশোধ করবে না বলে আমার নামে গত ১৫/১১/২০২৪ তারিখে বিভিন্ন পত্রিকায় নিউজ করে। যা সম্পূর্ণ মিথ্যা বানোয়াট ও

ভিত্তিহীন। আমার টাকা ফেরত না দেওয়ার পায়তারায় লিপ্ত হয়েছে দুর্বৃত্ত জাহিদুল। আমি সাংবাদিক মহলের মাধ্যমে বলতে চাই, আমার পাওনাকৃত ৫০,০০০/-(পঞ্চাশ হাজার) টাকা ফেরত চাই। কারণ আমি তাহার উপকারের জন্য টাকা ধার দিয়েছি যা তাদের পরিবারের মানুষ জানতো। তা সত্ত্বেও তারা মিথ্যা ও বানোয়াট অভিযোগ তুলে আমাকে ও আমার পরিবারের সদস্যসহ আত্মীয়- স্বজনদেরকে সমাজের মানুষের কাছে হেয় প্রতিপন্ন করছে। বিষয়টির সঠিক সমাধান হয় সেজন্য আমি সাংবাদিকদের মাধ্যমে প্রশাসনের সুদৃষ্টি কামনা করছি।

দামুড়হুদায় যথাযোগ্য মর্যাদায় মহান বিজয় দিবস পালন

“বিজয়ের দ্যুতিতে জাগে প্রাণ, বৈষম্য রুধিতে করি জীবন দান” এই স্লোগানকে সামনে রেখে দামুড়হুদায় ১৬ ডিসেম্বর মহান বিজয় দিবস যথাযোগ্য মর্যাদায় উদযাপন উপলক্ষে উপজেলা প্রশাসনের আয়োজনে দিন ব্যাপী বিভিন্ন কর্মসূচি পালন করা হয়েছে।

১৬ ই ডিসেম্বর (সোমবার) সূর্যদয়ের সাথে সাথে ৩১ বার তোপধ্বনীর মাধ্যমে দিবসটির শুভ সূচনা করা হয়। এরপরে সকাল ৮টায় নাটুদাহ আটকবর স্মৃতিসৌধে পুস্পস্তাবক অর্পণ, উপজেলা চত্বরে জাতীয় সঙ্গীতের সাথে সাথে আনুষ্ঠানিক ভাবে জাতীয় পতাকা উত্তোলন, আড়ম্বরপূর্ণ ভাবে বিজয় মেলার উদ্বোধন, উপজেলা অডিটোরিয়াম হলে বীর মুক্তিযোদ্ধা ও শহীদ মুক্তিযোদ্ধা পড়িবারের সদস্যদের সংবর্ধনা ও বিজয় দিবসের তাৎপর্য শীর্ষক আলোচনা সভা ও শিশু কিশোরদের চিত্রাংকন প্রতিযোগীতাসহ দিন ব্যাপী বিভিন্ন কর্মসূচি অনুষ্ঠিত হয়।

মহান বিজয় দিবস অনুষ্ঠানের সভাপতিত্ব করেন দামুড়হুদা উপজেলা নির্বাহী কর্মকর্তা মমতাজ মহল। এসময় তিনি বলেন, আজ ১৬ ডিসেম্বর মহান বিজয় দিবস। আমাদের চিরগৌরবের দিন।আজ পৃথিবীর মানচিত্রে লাল-সবুজের পতাকার স্থান পাওয়ার দিন। বাংলাদেশ নামে নতুন একটি স্বাধীন ভূখণ্ডের আত্মপ্রকাশ ঘটে এদিন।

১৯৭১ সালের দীর্ঘ ৯ মাস রক্তক্ষয়ী যুদ্ধের শেষে এই দিনে বিজয় ছিনিয়ে এনেছিল বীর বাঙালি। আজকের দিনটি একদিকে যেমন এ দেশের মানুষের কাছে চিরগৌরব ও আনন্দের, ঠিক তেমনি একই সঙ্গে স্বজন হারানোর বেদনায় নীল।

এসময় অনুষ্ঠানে উপস্থিত ছিলেন, উপজেলা সহকারী কমিশনার (ভূমি) কে এইচ তাসফিকুর রহমান,উপজেলা কৃষি অফিসার শারমিন আক্তার,উপজেলা স্বাস্থ্য ও প.প. কর্মকর্তা হেলেনা আক্তার নিপা, প্রাণিসম্পদ কর্মকর্তা লিলিমা আক্তার হ্যাপি, সমাজসেবা অফিসার তোফাজ্জল হক, আব্দুল ওদুদ শাহ ডিগ্রি কলেজের অধ্যক্ষ কামাল উদ্দিন, দামুড়হুদা মডেল থানার অফিসার ইনচার্জ হুমায়ন কবীর, দর্শনা থানার অফিসার ইনচার্জ শহীদ তিতুমীর,দামুড়হুদা প্রেসক্লাবের সভাপতি শামসুজ্জোহা পলাশ, বীর মুক্তিযোদ্ধা গিয়াস উদ্দিন, খাজা আবুল হাসনাত, বিলাল উদ্দিন, রেজাউল করিম, উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা হোসনে জাহানসহ উপজেলার সকল দপ্তরের কর্মকর্তা, আমন্ত্রিত অতিথি, সুধিবৃন্দ, বিভিন্ন রাজনৈতিক দলের নেতৃবৃন্দ, বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষক শিক্ষিকা ও ছাত্রছাত্রী, মুক্তিযুদ্ধা পরিবারের সদস্যবৃন্দ উপস্থিত ছিলেন।

সমগ্র অনুষ্ঠান টি সঞ্চালনা করেন উপজেলা সমবায় অফিসার হারুন অর রসিদ। বিজয় মেলায় কৃষি, কুটির শিল্প ও উদ্যোক্তাদের তৈরি বিভিন্ন পন্যের প্রদর্শনসহ মোট ১৮টি স্টল স্থান পেয়েছে। দামুড়হুদা উপজেলায় মোট ৩৮০ জন বীর মুক্তিযোদ্ধা ছিলেন এর মধ্যে জীবিত ১৮২ জন মুক্তিযোদ্ধাদের মাঝে সম্মানী পুরস্কার বিতরণ করা হয়। অনুষ্ঠানের শুরুতেই পবিত্র কোরআন থেকে তেলওয়াত করেন দামুড়হুদা মডেল মসজিদের ইমাম হাফেজ মাওলানা মুফতি মামুনুর রশীদ, বাইবেল থেকে পাঠ করেন রেভারেন্ড ডমিনিক মন্ডল।

দামুড়হুদায় শীতের আগাম প্রস্তুতি! লেপ-তোষকের

দোকানে ভিড়

শীত নিরাময় করতে উপজেলার বিভিন্ন স্থানের বাসিন্দারা আগাম প্রস্তুতি নিচ্ছেন। এ প্রস্তুতি নিতে উপজেলার লেপ-তোষকের দোকান গুলোতে ভীড় জমতে লক্ষ্য করা গেছে। ভীড়কে কেন্দ্র করে ব্যস্ত সময় পার করতে দেখা গেছে কারিগর সহ দোকান মালিকদেরকে।

দামুড়হুদা,উপজেলার প্রায় সকল লেপ- তোষকের দোকানে ক্রেতাদের উপস্থিতি থাকতে দেখা গেছে কমবেশি।কেউ যাচ্ছে ওর্ডার দিতে, আবার কেউ যাচ্ছেন নিদিষ্ট একটা মাপ দিয়ে কেমন মজুরি পড়বে জানতে। অবশ্য এবছরে অন্যআন্য মালামালের সাথে সাথে বেড়েছে লেপ তোষক তৈরির ব্যবহারের পন্য সামগ্রি।সেজন্য লেপের কাপড়, ফোম, মজুরির দামটাও একটু বেশি বলে বিক্রতা সহ ক্রেতাদের দাবি।

উপজেলার হাউলী ইউনিয়নের জয়রামপুর কাঁঠাল তলা বাজারের লেপ ব্যবসায়ী আলী আজগার জানান, আমি প্রায় ২০ বছর ধরে এ পেশায় নিয়োজিত। এবার শীতে দোকানে প্রচুর পরিমাণে মানুষের ভিড় হচ্ছে, কিন্তু দাম একটু বেশি হাওয়ায় কাস্টমার ফিরে যাচ্ছে।

গত বারের তুলনায় এবার মালা মালের দাম বেশি,যে তুলা কিনতাম ১২০ টাকা কেজি সেই তুলা কিনতে হচ্ছে ২০০ টাকা কেজি,আর যে কাপড় কিনতাম ৩০ টাকা গজ, এখন কিনতে হচ্ছে ৬০ টাকা গজ,সুকলা কিনতাম ২০ কেজির ব্যাল্ট ৪০০ টাকা এখন কিনতে হচ্ছে ৭০০ টাকায়। তিনি আরো বলেন, কারিগরদের আগে লেপ প্রতি হাজিরা দিতে হতো ২০০ থেকে ২৫০ টাকা, এবছরে দিতে হচ্ছে ৩০০ থেকে ৩৫০ টাকা।

কারিগর করিম হোসেন বলেন, আমি ১০ রকমের লেপ তোষক তৈরি করতে পারি। সিঙ্গেল লেপ বিক্রি করছি সর্বনিম্ন ১০০০ থেকে ১৫০০ টাকা, ডাবল লেপ ১৫০০/৩০০০ টাকা। কিন্তু জিনিসের দাম একটু বেশি হাওয়ায় গতবারের তুলনায় এবার একটু বেচাকেনা কম হচ্ছে।

জয়রামপুর গ্রামের ডালিম হোসেন বলেন, আমি তিন টা লেপ তোষক অর্ডার দেওয়ার জন্য দোকানে গিয়ে ছিলাম কিন্তু এবারে দাম অনেক বেশি বলছে, দোকানদার বলছে আমরা কি করিবো যেমন দামে জিনিস পত্র কিনছি তেমন দামে বিক্রি করছি। তিনি আরো বলেন গত বছরে যে তোষক কিনে ছিলাম ১.৫০০ টাকায় এবার কিনতে হচ্ছে ২.৫০০ থেকে ৩.০০০ টাকায়।

দামুড়হুদায় ট্রান্সফরমার চুরির মামলায় আটক ১

দামুড়হুদায় ট্রান্সফরমার চুরির মামলায় আজগর আলী নামে ১ জনকে আটক করা হয়েছে। আজ বুধবার (১১ ডিসেম্বর) দুপুর ১টার দিকে কার্পাসডাঙ্গা ইউনিয়নের হুদাপাড়া গ্রামবাসী তাকে আটক করে।

পরবর্তীতে আটকের বিষয়টি দামুড়হুদা মডেল থানার অফিসার ইনচার্জ হুমায়ুন কবীরকে জানানো হলে কার্পাসডাঙ্গা ফাঁড়ি ইনচার্জ এস আই নিয়ামুল তাকে কার্পাসডাঙ্গা ইউনিয়নের হুদাপাড়া গ্রাম থেকে আটক করে দামুড়হুদা মডেল থানায় নিয়ে আসে।

আটককৃত এজাহার নামীয় ১ নং আসামি হল কার্পাসডাঙ্গা ইউনিয়নের শিবনগর গ্রামের মৃত আজমত আলীর ছেলে আজগর আলী (৩৫)।

পুলিশ সূত্রে জানা গেছে, দামুড়হুদা উপজেলার কার্পাসডাঙ্গা ইউনিয়নের শিবনগর গ্রামের আলিহিম মন্ডলের ছেলে সাইফুল ইসলাম (৫১), বাদী হয়ে দামুড়হুদা থানাধীন শিবনগর মৌজাস্থ সেজোতলার মাঠ, শিবনগর হতে ০৬ (ছয়) টি বৈদ্যুতিক ট্রান্সফরমারের মধ্যে থাকা তামার কয়েল সহ অন্যান্য যন্ত্রাংশ, মূল্য আনুমানিক ৪,০৫,০০০/- (চার লক্ষ পাঁচ হাজার) টাকা চুরি করার অপরাধ উল্লেখ করে এজহার নামীয় ধৃত ১। নং আসামি আজগর আলীসহ ৭ জনের নাম উল্লেখ্য করে দামুড়হুদা মডেল থানায় একটি এজহার দায়ের করেন।

এ বিষয়ে দামুড়হুদা মডেল থানার অফিসার ইনচার্জ হুমায়ুন কবীর বলেন ট্রান্সফরমার চুরির মামলায় এজাহার নামীয় ১ নং আসামি আজগর আলীকে গ্রেফতার করা হয়েছে তাকে আগামীকাল বিজ্ঞ আদালতে সোপর্দ করা হবে।